



INVITING YOU ON 9th FOUNDATION DAY OF ACTIVISM, 24th MARCH, 2024

We are pleased to invite you to celebrate the 9th Foundation Day of ACTIVISM on 24th March, 2024 at 11:30 a.m. at 'ICMARD Auditorium (Institute of Co-operative Management for Agriculture & Rural Development), M Block 14/2, Bidhannagar Road, Ultadanga, Kolkata- 700067.

Society is changing rapidly amidst an all-encompassing threat to the survival that sucks the spirit of life. The most recent threats like pandemic, war, environmental insecurity, poverty, and ethnic conflicts coupled with lifestyle diseases, fear and infringement of freedom hit the very existence of everyday from within. The structural conditions are narrowing down the breathing space of being in so many ways. In response, human agency is agitating everywhere for the cause of emancipation; the desire for life blossoms again and again from the ashes of death.

In this context, ACTIVISM aims to promote ingenuity of human activity for the sake of good life finding newer ways and forms. To address the problems of everyday life. It aims to bring about a visible shift from the policy-centric practice of social research to a direct research-based intervention into the field concerned. The very purpose is to strengthen everyday activism as a critical-practical activity in its multiple forms. In this sense, it aims to set everyday activism free from illusory common-sense misperceptions, false consciousness, political and religious fundamentalism to resist all possible sorts of idiotic beliefs and superstitions. It, thus, believes in the positive transformative capacity of human function to overcome structural and mental obstacles if armed with the appropriate knowledge and praxis as confirmed by the history through ages.

ACTIVISM denotes a movement also to address the functional problems of everyday life through informed action, alternative praxis and appropriate engagement. The very objective is to make social science research more useful, impactful and effective for resolving issues we encounter everyday. Functional problem does not refer to a particular category or set of problems having distinctive existence in everyday life; rather it refers to a set of practices in our mundane interaction which affects both the self and circumstances adversely and, in turn, becomes the source of various relational and behavioural and social dysfunctions. ACTIVISM believes that the reasons behind frequent disorganizations of everyday life lies mostly in the functioning and that can be transcended positively through the alternative pattern of function and engagement informed by the critical knowledge derived from the praxis-oriented research in the social sciences. Apart from dealing the everyday functional problems at the individual level, the Activism is committed also to build up critical understanding among masses on several possible occasions to facilitate the collective-action against injustice, discrimination, oppression, exploitation and disintegration.

9th FOUNDATION DAY LECTURE ON

“Social Science between Theory and Practice”

SPEAKER: PROFESSOR SAMIR KUMAR DAS

UNIVERSITY OF CALCUTTA

24th MARCH @ 11:30 A.M. AT ICMARD AUDITORIUM, NEAR ULTADANGA STATION, KOLKATA



২৪ শে মার্চ, ২০২৪ ACTIVISM-এর নবম প্রতিষ্ঠা দিবসের আমন্ত্রণ

ACTIVISM-এর নবমবর্ষ প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে আগামী ২৪ শে মার্চ, ২০২৪ সকাল ১১:৩০-এ কলকাতার 'ICMARD Auditorium (Institute of Co-operative Management for Agriculture & Rural Development) M Block 14/2, Bidhannagar Road, Ultadanga, Kolkata- 700067, হলে আপনাদের সকলকে জানাই সাদর আমন্ত্রণ।

আমরা অত্যন্ত আনন্দের সঙ্গে জানাই যে প্রাতিষ্ঠানিক মূল ধারার সমাজবিজ্ঞান চর্চা ও গবেষণার প্রচলিত অলিন্দের বাইরে গিয়ে সমাজবিজ্ঞানকে প্রাত্যহিক জীবনের সমস্যা সমাধানের আরও উপযোগী ও জনপ্রিয় করে তোলার যে মহতী লক্ষ্যকে সামনে রেখে ২০১৬ সালে এই সংস্থাটির প্রতিষ্ঠা হয়েছিল, বিগত বছরগুলিতে বহু প্রতিবন্ধকতা ও সীমাবদ্ধতার মধ্যেও সেই প্রয়াসে আমরা আন্তরিকভাবে নিয়োজিত।

আমরা মনে করি সমাজের কাঠামোগত শর্তাবলী জীবনকে অনেকাংশে নিয়ন্ত্রণ করলেও শেষ বিচারে জীবনের গতিমুখ নির্ধারণ করে মানবীয় সক্রিয়তা (Activism) যার মূল দুটি রূপ হল ব্যক্তিগত ও সামাজিক সক্রিয়তা। এই সক্রিয়তা মানে নিছক ক্রিয়াশীল (Active) হওয়া নয়, বরং নির্দিষ্ট লক্ষ্য সাধনে নিপুনভাবে ক্রিয়াশীলতা ব্যবহার করার এক নিরন্তর চর্চা বা অনুশীলন।

আজ একদিকে যখন যুদ্ধ, মহামারী এবং সমাজের কাঠামোগত শর্তাবলী বহুক্ষেত্রেই জীবন তিয়াসার বিরুদ্ধে অবস্থান করছে, এক তীব্র আর্থ-সামাজিক, রাজনৈতিক ও পরিবেশগত ঝুঁকি জীবনের পরিসরকে ক্রমাগত সংকুচিত করছে এবং অন্যদিকে এর প্রতিবাদ স্বরূপ জীবনের যুগ-মুক্তির দাবীকে সামনে রেখে মানবীয় সক্রিয়তা তার নব নব বহুমাত্রিক প্রকাশের মধ্য দিয়ে আরও সংযোজিত ও সম্প্রসারিত হচ্ছে, তখন আমরা অত্যন্ত আক্ষেপের সঙ্গে লক্ষ্য করছি, প্রচলিত মূল ধারার সমাজবিজ্ঞান মূলতঃ কেতাবি (Academic) চর্চা, বৌদ্ধিক আলাপ-আলোচনা ও নীতিকেন্দ্রিক (policy centric) গবেষণার মধ্যেই নিজেকে নিয়োজিত রেখেছে। এমতাবস্থায় মানবীয় সক্রিয়তার শক্তিকে বিকাশের স্বার্থেই অমোঘ ও আরও কার্যকরী করে তোলার লক্ষ্যে এবং এই সক্রিয়তাকে সব ধরনের সংকীর্ণ যান্ত্রিক, রাজনৈতিক, গোষ্ঠীভিত্তিক ও ধর্মীয় কর্তৃত্ববাদের কবল থেকে মুক্ত এক ব্যক্তি-নিরপেক্ষ ও নিয়মভিত্তিক জ্ঞানচর্চা ও প্রয়োগের পরিসরে আনার লক্ষ্যেই আমাদের পথ চলা শুরু। এই পথেই সমাজবিজ্ঞান আরও বেশি জনকেন্দ্রিক ও প্রাত্যহিক সমস্যা সমাধানের উপযুক্ত হয়ে উঠবে বলে আমাদের বিশ্বাস। এই উদ্যোগকে সফল করতে তাই প্রতিষ্ঠা দিবসের এই অবসরে আপনাদের সকলের সক্রিয় উপস্থিতি ও প্রত্যক্ষ বহুমুখী সহযোগিতা একান্তভাবে কাম্য। ধন্যবাদ।

নবম প্রতিষ্ঠা দিবসের বক্তৃতা

“তত্ত্ব এবং প্রয়োগের অন্তর্বর্তী সমাজবিজ্ঞান”

বক্তা: বিশিষ্ট সমাজবিজ্ঞানী অধ্যাপক সমীরকুমার দাস, কলকাতা বিশ্ববিদ্যালয়

২৪ শে মার্চ, বেলা ১১:৩০ টা, স্থান- ICMARD Auditorium, Kolkata